দৈনিক
ইত্তেফাক

তারিখ ~~04 NOV 2016~~
পৃষ্ঠা ৭ ৫ কলাম ৬
05 NOV 2016

# বেতাগীতে প্রাইমারি স্কুল ভাঙচুর ইউপি মেম্বার লাঞ্ছিত

■ বেতাগী (বরগুনা) সংবাদদাতা

বেতাগী উপজেলার পূর্ব-দক্ষিণ করুনা নবগঠিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে হামলা ও ভাঙচুর করা হয়েছে। এসময় এক শিক্ষার্থী আহত ও লাঞ্ছিত করা হয়েছে স্থানীয় ইউপি মেম্বারকে। প্রতিষ্ঠানের দুই শিক্ষকের মধ্যে বিরোধের জের ধরে সভা চলাকালে বৃহস্পতিবার দুপুরে এ অপ্রীতিকর ঘটনা ঘটে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মাহতাবউদ্দিন ও সহকারী শিক্ষক রফিকুল ইসলাম বাদলের মধ্যকার বিরোধ মীমাংসার জন্য উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, সহকারী শিক্ষা অফিসার, ব্যবস্থাপনা কমিটি, রাজনৈতিক নেতা ও গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে ওইদিন বিদ্যালয়ে সভা চলছিল। এক পর্যায় সহকারী শিক্ষক রফিকুল ইসলাম বাদল, তার ভাই নবগঠিত পল্লী মঙ্গল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. মিজানুর রহমান ও তার স্ত্রী একই বিদ্যালয়ের সহকারী শিক্ষক সামসুন্নাহার খুশির নেতৃত্বে ছয়/সাতজন লোক সভাস্থলে প্রবেশ করে বুড়ামজুমদার ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের ইউপি মেম্বর মো. শফিকুল ইসলাম পনুর উপর চড়াও হয়। তাকে গালাগাল ও শারীরিকভাবে লাঞ্ছিত এবং বিদ্যালয়ে হামলা চালিয়ে জানালাসহ আসবাবপত্র ভাঙচুর করে। এতে পঞ্চম শ্রেণির শিক্ষার্থী মীম আক্তার আহত হয়। এদিকে ওই ঘটনায় ইউপি মেম্বার মো. শফিকুল ইসলাম পনু এর বিচার দাবি করে উপজেলা নির্বাহী অফিসার এমএম মাহমুদুর রহমানের কাছে লিখিত অভিযোগ করেছেন। তবে বিদ্যালয়ের সহকারী শিক্ষক রফিকুল ইসলাম বাদল এ অভিযোগ অস্বীকার করে বলেন, কথার কাউন্টার দেয়ায় এর সূত্রপাত হলেও ইউপি মেম্বর ও প্রধান শিক্ষকের লোকজনই তাদের উপর হামলা করে।

সহকারী উপজেলা শিক্ষা অফিসার মো. কামরুজ্জামান রেজা এর সত্যতা স্বীকার করে বলেন, শিক্ষকদের কাছে এ ধরনের অপ্রীতিকর ঘটনা কাম্য নয়। জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।